৪৪

দৈনিক বাংলা

তারিখ 22 APR 1995

পৃষ্ঠা ১ কলাম ৮

# প্রশ্নপত্রে ভুল ঃ পরীক্ষার্থীরা বিব্রত

**স্টাফ রিপোর্টার ঃ** গতকাল বৃহস্পতিবার অনুষ্ঠিত এসএসসি পরীক্ষার বাংলা প্রথম পত্রের অবজেকটিভ ঘ সেটের একটি প্রশ্নের ভুল উত্তর ছাপা হয়েছে। এই প্রশ্নের উত্তর দিতে গিয়ে পরীক্ষার্থীরা বিব্রতকর অবস্থায় পড়েছে।

একজন পরীক্ষা পরিদর্শক জানান, অবজেকটিভ 'ঘ' সেট প্রশ্নপত্রের ৩৩ নম্বর প্রশ্নটির ৪টি উত্তর দেয়া ছিল। তার মধ্যে সবগুলো উত্তরই ছিল ভুল। প্রশ্নটি ছিল,

(৮–এর পৃঃ ৫–এর কঃ দ্রঃ)

## প্রশ্নপত্রে ভুল

(প্রথম পৃষ্ঠার পর)

'মানুষের প্রতি প্রেম পূণ্যে উদ্ভাসিত এই সুমহান প্রতিশোধ।' এখানে রাসুলুল্লাহ্‌র (সাঃ) কোন কথাটির প্রতি ইঙ্গিত করা হয়েছে।

প্রশ্নের সঙ্গে ৪টি উত্তর দেয়া আছে। তার মধ্যে ৪ নম্বর উত্তরটি হবে সঠিক। তবে সেটি ভুল ছাপা হয়েছে। প্রশ্নপত্রে ৪ নম্বর উত্তরটি ছাপা হয়েছে 'মক্কা বিজয়ের পর তার দুষমনদের হত্যা করা হয়।' কিন্তু প্রকৃত উত্তরটি হবে 'মক্কা বিজয়ের পর তার দুষমনদের ক্ষমা করা হয়।' ক্ষমার স্থলে হত্যা ছাপা হয়েছে।

এই প্রশ্নের উত্তর নিয়ে বিভ্রাট দেখা দিলে বিভিন্ন পরীক্ষা কেন্দ্রের পরিদর্শকরা পরীক্ষার্থীদের বিভিন্ন ধরনের উপদেশ দেন। অগ্রণী বালিকা বিদ্যালয়ের পরীক্ষার্থীদের বলা হয় 'যে কোন একটি উত্তর দিলেই নম্বর পাওয়া যাবে।'

শাহীন স্কুলে কিছুই বলা হয়নি। যে কোন একটি উত্তর দিলে নম্বর পাওয়া যাবে—কথাটিও সঠিক নয়। কারণ কম্পিউটার সেটে 'ঘ' উত্তরটিই সঠিক মার্ক করা আছে। এক্ষেত্রে সুষ্ঠু সমাধান কি হবে তা অনেক পরীক্ষার্থী ও অভিভাবকই গতকাল জানতে চেয়েছেন। কিন্তু কেউই সঠিক সমাধান দিতে পারেননি।